দৈনিক সংবাদ

NOV. 28 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

# শিশুদের জন্য বইপড়া শীর্ষক গবেষণার ফলাফল

সেভ দ্য চিলড্রেন (ইউএসএ) ডিএফ আইডি-এর অর্থানুকূল্যে চারটি উন্নয় সংস্থার সহযোগিতায় 'শিশুদের জন্য পড় বিষয়ে এক বছরব্যাপী একটি গবেষ পরিচালনা করে। উন্নয়ন সংস্থাগুলো হলে ঢাকা আহসানিয়া মিশন, এফআইভিডিবি গ্রামীণ শিক্ষা এবং এ্যাকশন এইড-এর পক্ষে বিডিএস। এই গবেষণা কর্মের মুখ উদ্দেশ্য ছিল নব্য-সাক্ষরদের পড়ার অভ্যা সৃষ্টির মাধ্যমে পড়ার দক্ষতা বৃদ্ধি ও শিশুদেরকে বইয়ের জগতের সঙ্গে পরিচয় করানো।

গতকাল মঙ্গলবার ব্র্যাক সেন্টারে অনুষ্ঠিত হয় এই গবেষণা কর্মের প্রতিবেদন প্রকাশনা অনুষ্ঠান। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব দীনা হক। বিশেষ অতিথি ছিলেন ইউনিসেফ-এর ড. জেমস্ জেনিংস্ এবং সেভ দ্য চিলড্রেন (ইউএসএ)-এর আঞ্চলিক শিক্ষা উপদেষ্টা ক্যারলাইন আর্নল্ড। অনুষ্ঠানে এছাড়া আরও উপস্থিত ছিলেন ডিএফআইডি-এর ঊর্ধ্বতন শিক্ষা উপদেষ্টা ড. টেরি ক্যালি এবং সেভ দ্য চিলড্রেন (ইউএসএ)-এর আঞ্চলিক পরিচালক ডেভিড ক্লসেনিয়াস। যুগ্মভাবে প্রতিবেদনটি উপস্থাপনা করেন গবেষক তালাৎ মাহমুদ ও তাহসিনাহ্ আহমেদ। এই প্রতিবেদনের ওপর আলোচনা করেন ড. টেরি ক্যালি ও ড. মনজুর আহমেদ। অনুষ্ঠানটি পরিচালনা করেন সেভ দ্য চিলড্রেন (ইউএসএ)-এর ফিল্ড অফিস ডিরেক্টর হেলেন গ্যালাহার।

এই গবেষণাকর্মের ফলাফল খুবই উৎসাহব্যঞ্জক। নব্য-সাক্ষরদের নব-অর্জিত সাক্ষরতা দক্ষতা বিকাশের মাধ্যমে তাদের আত্মবিশ্বাস বৃদ্ধিতে 'শিশুদের জন্য পড়া' একটি কার্যকর কৌশল হিসেবে চিহ্নিত হয়েছে। এই প্রচেষ্টা তাদেরকে নব্য-সাক্ষরের স্তর থেকে সাক্ষরতা ব্যবহার-কারীর স্তরে উন্নীত করেছে। 'শিশুদের জন্য পড়া' কর্মসূচির মাধ্যমে শিশুরা বই পড়ার আনন্দময় জগতের সঙ্গে পরিচিত